

Many coconut tree are dying due to invading whitefly published in Bengali daily Sanbad Nazar

দাক্ষিণবঙ্গ

মেক্সিকান সাদা মাছির আক্রমণে নারকেল ও পানের ক্ষতি খতিয়ে দেখলেন কৃষি বিশেষজ্ঞরা

সংবাদদাতা, হলদিয়া: মেক্সিকান সাদা মাছির আক্রমণে নারকেল ও পানের মতো অর্থকরী বাগিচা ফসলের ক্ষতি সবেমাত্র দেখতে মঙ্গলবার ফের পূর্ব মেদিনীপুরে এলেন কৃষি বিশেষজ্ঞরা। রাজ্যের মুখ্য কৃষি উপদেষ্টা প্রদীপ মজুমদারের নেতৃত্বে ছিলেন। কৃষি বিজ্ঞানীদের দলে ছিলেন কেন্দ্রীয় সরকারের ইন্ডিয়ান কোকোনটি এগ্রিকালচারাল রিসার্চ সংস্থার 'রুগোজ স্পাইরালিং হোয়াইট ফ্লাই' বা সাদা মাছি বিশেষজ্ঞ কে সিনাভারাজ, রাজ্যের উদ্ভিদ কীটতত্ত্ববিদ সন্তোষকুমার রায়, মুখ্য কৃষি অধিকর্তা রঞ্জন রায়, উপকৃষি অধিকর্তা গৌতম তৌমিক প্রমুখ। রাজ্যস্তরের বিশেষজ্ঞ দলের সঙ্গে ছিলেন জেলা কৃষি দপ্তরের আধিকারিকরা।

এর আগে গত ১৮-এপ্রিল প্রথমবার জেলায় এসেছিলেন রাজ্যের কৃষি বিশেষজ্ঞরা। মেক্সিকান সাদা মাছির আক্রমণের ভয়াবহতা দেখে এদিন রীতিমতো উদ্বেগ প্রকাশ করেন রাজ্যের কৃষি মুখ্য উপদেষ্টা। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গে এর প্রথম আক্রমণ নজরে আসে মহিষাদলের কেশবপুর এলাকায়। পরে মহিষাদল, নন্দকুমার ও তমলুকের বিভিন্ন গ্রামে গত পাঁচ-ছ'মাস ধরে নারকেল, পেয়ারা, আম, সবেদা, পান এবং পামজাতীয় বিভিন্ন ধরনের ইন্ডোর প্ল্যান্টের গাছে ব্যাপক আকারে সাদা মাছির আক্রমণ শুরু হয়েছে।



এদিন দুপুর ১২টা নাগাদ কৃষি বিশেষজ্ঞরা প্রথমে যান মহিষাদল ব্লকের পূর্ব শ্রীরামপুর গ্রামে। পরে তাঁরা যান নন্দকুমার ব্লকের পুয়াদ্যা

এলাকায়। প্রতিনিধিদলকে চাষি ও পঞ্চায়তের সদস্যরা ঘুরিয়ে দেখান, কীভাবে সারা গ্রামজুড়ে পোকের আক্রমণে নারকেল ও পানের ফলন

কমছে। জেলার সহ কৃষি অধিকর্তা (শস্য সুরক্ষা) মুগালকান্তি বেরা বলেন, এদিন রাজ্যের বিশেষজ্ঞ দল মহিষাদল, নন্দকুমার ব্লকের সাদা মাছি আক্রান্ত গ্রামের বাড় ও মাঝারি চাষির সঙ্গে কথা বলেছেন। প্রতিটি এলাকার নারকেল, পান, কলাগাছে ব্যাপক আকারে সাদা মাছি হানা দিয়েছে। এর আগে বিজ্ঞানীরা নমুনা সংগ্রহ করেছেন। এদিন কেছের সাদা মাছি বিশেষজ্ঞ বিজ্ঞানী নমুনা সংগ্রহের পাশাপাশি কয়েকটি পরামর্শ দিয়েছেন। প্রাকৃতিকভাবে এই মাছি আটকাতে 'ইনকারফিয়া' নামে একধরনের প্যারাসাইট বা পরজীবী পোকাকে কাজে লাগানোর পরামর্শ দিয়েছেন তিনি। বিজ্ঞানীরা এদিন সেই প্যারাসাইটের ডিম বিভিন্ন গাছের পাতায় ছেড়ে দেন। এই ডিম ফুটলে সাদা মাছির ডিম নষ্ট হয়ে যাবে।

মুখ্য কৃষি উপদেষ্টা বলেন, এদিন আমরা পূর্ব মেদিনীপুরের ২৫টি কৃষি ব্লকের কৃষি আধিকারিকদের সঙ্গে বৈঠক করে এবিষয়ে সচেতন থাকতে বলেছি। কারণ দ্রুতহারে এই মাছি বংশ বিস্তার করে ফসলের ক্ষতি করছে। এর ফলে বিরাট ক্ষতির আশঙ্কা রয়েছে। কীভাবে দ্রুত এর মোকাবিলা করা যায় সেবিষয়ে আমরা রাজ্যস্তরে সিদ্ধান্ত নিয়ে কাজে নামব।

• সাদামাছির উপদ্রব খতিয়ে দেখতে এসেছে বিশেষজ্ঞ দল। - নিজস্ব চিত্র